(FAZLUR RASHID)
Director General
BWDB, Dhaka.

08. Remarks/ Comments of the officer in-charge of the Ministry / Division.

Date.....

Signature and Seal.



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানিসম্পদ মন্ত্রণালয়

কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবের চর গ্রাম ও তদসংলগ্ন এলাকা
পুরাতন ব্রক্ষপুত্র নদের বাম তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন
প্রতিবেদন



নভেম্বর ২০২০

সূচিপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
১	প্রকল্পের বিবরণ	১
১.১	প্রকল্পের পটভূমি	১-২
১.২	প্রকল্প সংক্রান্ত সাধারণ তথ্যাবলী	২
১.৩	প্রকল্পের উদ্দেশ্য	২
১.৪	প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম	৩
১.৫	প্রকল্পের অঙ্গসমূহের ক্রমপুঞ্জীভূত বাস্তব ও আর্থিক অগ্রগতি	৩
১.৬	প্রকল্পের মূল কাজের অগ্রগতির বিবরণ	৪
১.৭	অনুমোদিত ডিপিসি অনুসারে বছর ভিত্তিক বরাদ্দ ও প্রকৃত ব্যয়	৪
১.৮	প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যাদি	৪
২.	দ্বিতীয় অধ্যায় : মধ্যবর্তী মূল্যায়ন	৫
২.১	মধ্যবর্তী মূল্যায়ন পটভূমি	৫
২.২	মধ্যবর্তী মূল্যায়নের উদ্দেশ্য	৫
২.৩	কমিটি গঠন ও কার্যপরিধি	৫-৬
২.৪	মূল্যায়ন পদ্ধতি	৬
২.৫	মূল্যায়নের সীমাবদ্ধতা	৬
৩.	তৃতীয় অধ্যায় : প্রকল্প এলাকা পরিদর্শন	৭
৩.১	ভূমিকা	৭
৩.২	প্রকল্প এলাকা পরিদর্শনের বিবরণ	৭
৪.	চতুর্থ অধ্যায় : জনপ্রতিনিধি ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতামত	৮
৪.১	জনপ্রতিনিধি মতামত	৮
৪.২	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতামত	৮
৪.৩	সুফলভোগীদের মতামত	৮-৯
৫.	পঞ্চম অধ্যায় : কমিটির পর্যবেক্ষণ ও সুপারিশ	১০
৫.১	কমিটির পর্যবেক্ষণ	১০
৫.২	কমিটির সুপারিশ	১১


প্রকল্পের বিবরণ

১.১। প্রকল্পের পটভূমি :


পুরাতন ব্রক্ষপুত্র নদ জামালপুর জেলার বাহাদুরাবাদ ঘাট হতে উৎপত্তি হয়ে ময়মনসিংহ জেলার মধ্য দিয়ে প্রবাহিত হয়ে কিশোরগঞ্জ জেলার হোসেনপুর-পাকুন্দিয়া উপজেলা ও ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার মধ্যবর্তী এলাকা দিয়ে প্রবাহিত হয়ে ভাটিতে ভৈরবে মেঘনা নদীতে পতিত হয়েছে। হোসেনপুর উপজেলাধীন সিদলা ইউনিয়নের সাহেবেরচর গ্রাম ও তৎসংলগ্ন এলাকা ব্রক্ষপুত্র নদের বাম তীরের ভাঙ্গন কবলিত একটি এলাকা। ধারাবাহিক ভাবে নদে পলি পড়ার কারণে নদের তলদেশের উচ্চতা বেড়ে যাওয়ায় বর্ষা মৌসুমে নদের পানি অধিক গতিবেগে প্রবাহিত হওয়ার ফলশ্রুতিতে নদের তীর ভাঙ্গন শুরু হয়। তাছাড়া নদের ডান তীরে ক্রমাগত সিলটেশন বা পলি ভরাট হওয়ার ফলে নদ ভরাট হওয়ায় বর্নিত স্থানে নদের ডান তীর বরাবর চরের পরিধি বৃদ্ধি পাচ্ছে এবং বাম পাড়ের ভাঙ্গনের প্রবণতা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। অবিরাম বৃষ্টিপাতের ফলে এবং উজান থেকে নেমে আসা ঢলের কারণে পুরাতন ব্রক্ষপুত্র নদের পানি ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় প্রায় ৩.৫০ কিঃমিঃ এলাকা ব্যাপী ভাঙ্গন দেখা দেয়, অব্যাহত ভাঙ্গনের কারণে হোসেনপুর-গফরগাঁও সড়ক সেতু আউটফ্লাংকিং হওয়ার আশংকা দেখা দিয়েছে। ভাঙ্গন অব্যাহত আছে, ভাঙ্গনের কারণে ইতোমধ্যে ১টি স্কুল কাম বন্যা আশ্রয় কেন্দ্র সহ প্রায় ২০-২৫ টি ঘর ও বহু মূল্যবান সম্পদ নদীগর্ভে বিলীন হয়ে গিয়েছে।

এখানে উল্লেখ্য যে, ১৯৮৮ সালের বন্যার পর পিতলগঞ্জ বাজার হতে নতুন সড়ক পর্যন্ত উপজেলা পরিষদ কর্তৃক নির্মিত রাস্তা কাম বন্যা নিয়ন্ত্রণ বাঁধটি ২০১৭ সালের বন্যায় নদের বাম পাড়ের ক্রমাগত ভাঙ্গনের কারণে হুমকির সম্মুখীন হয়। কোথাও কোথাও বাঁধের টো থেকে সর্বোচ্চ ১.০০ মিটার, আবার কোথাও কোথাও বাঁধের টোতে নদের প্রবাহ অতি স্লিকটে চলে যায় এবং বাঁধ আংশিক ক্ষতি হয়। এ ছাড়াও নদী তীরবর্তী সাহেবেরচর গ্রামে অবস্থিত একটি মসজিদ, একটি মাদ্রাসা বাড়ি ঘর ও ফসলী জমি নদী ভাঙ্গনের ফলে এলাকায় তৎকালীন সময় একটি জনরোষের সৃষ্টি হয়। অব্যাহত ভাঙ্গনের ফলে প্রকল্প এলাকায় বসবাসরত কৃষি নির্ভর পরিবারগুলোর অর্থনৈতিক অবস্থা দিন দিন খারাপের দিকে যাওয়া উপক্রম হয় এবং জনগোষ্ঠী সহায় সম্পদ, ঘর-বাড়ি, কৃষি জমি ইত্যাদি হারিয়ে বাস্তুহীন জনগোষ্ঠীতে পরিনত হওয়ার উপক্রম হয়।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের নির্দেশনাসহ, ইউএনও, উপজেলা চেয়ারম্যান, ইউনিয়ন চেয়ারম্যান ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গের দাবীর প্রেক্ষিতে এবং বর্তমান সরকারের অন্যতম উদ্দেশ্য কৃষিজমি পুনরুদ্ধার এর নীতি অনুসরণ করে স্থানীয় জনগনের সহায় সম্পদ রক্ষা এবং জীবন-জীবিকা অব্যাহত রাখার নিমিত্ত এই স্থানে নদের বাম তীর বরাবর ভাঙ্গন রোধকল্পে, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর গ্রাম ও তৎসংলগ্ন এলাকা পুরাতন ব্রক্ষপুত্র নদের বাম তীরের ভাঙ্গন হতে রক্ষা" প্রকল্পটি ৪৮৬০.৭৫ লক্ষ টাকা ব্যয়ে (সম্পূর্ণ জিওবি) ফেব্রুয়ারি, ২০১৯ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৯/০৪/২০১৯ খ্রিঃ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়।



প্রকল্প এলাকার অবস্থান



প্রকল্প এলাকা

১.২। প্রকল্প সংক্রান্ত সাধারণ তথ্যাবলি :

(ক) প্রকল্পের নাম	: কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর গ্রাম ও তদসংলগ্ন এলাকা পুরাতন ব্রহ্মপুত্র নদের বাম তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প।
(খ) বাস্তবায়নকারী সংস্থা	: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
(গ) উদ্যোগী মন্ত্রণালয়	: পানি সম্পদ মন্ত্রণালয়।
(ঘ) প্রকল্প এলাকা	: বিভাগ জেলা উপজেলা ঢাকা কিশোরগঞ্জ হোসেনপুর
(ঙ) বাস্তবায়নকাল	: ২০ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিঃ হতে ৩০ জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত।
(চ) প্রকল্প ব্যয়	: ৪৮৬০.৭৫ লক্ষ টাকা
(ছ) প্রকল্পের ক্রমপুঞ্জীভূত অগ্রগতি (৩০ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত)	: আর্থিক অগ্রগতি ১২৫.০০ লক্ষ টাকা (২.৫৭%) বাস্তব অগ্রগতি (সার্বিক) : ৫%
(জ) এডিপি/আরএডিপি বরাদ্দ	: ৩০০০.০০ লক্ষ টাকা

১.৩। প্রকল্পের উদ্দেশ্যঃ

- সাহেবের চর গ্রাম ও তদসংলগ্ন এলাকাকে পুরাতন ব্রহ্মপুত্র নদের বামতীর ভাঙ্গন হতে রক্ষা করা।
- তীর সংরক্ষণ কাজের মাধ্যমে নদের বাম তীরে অবস্থিত বিগত বন্যায় ভেঙ্গে পড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় কাম বন্যা আশ্রয় কেন্দ্রটি পুনর্নির্মান এবং শিক্ষা কার্যক্রমের প্রসার;
- বিদ্যমান চর ভূমিতে যেখানে প্রায় ১৫০০ পরিবারের বসবাস, এটিকে নিরাপদ বন্যামুক্ত এলাকা হিসেবে তৈরী করা;
- নদী ভাঙ্গনের জন্য প্রকল্প এলাকায় পরিবেশগত ক্ষয়ক্ষতির সাথে আর্থসামাজিক ক্ষতি হ্রাস করা;
- স্থিতিশীল ও নির্ভরযোগ্য কৃষি নিশ্চিত করে দারিদ্র দূরীকরণ, জীবনযাত্রার মান উন্নয়ন এবং কর্মের সুযোগ তৈরী করা;
- নদীর গতি পথ পরিবর্তন প্রতিরোধ করা;
- সামাজিক নিরাপত্তাসহ এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন অব্যাহত রাখা;
- পরিবেশের বিরূপ প্রভাব হতে প্রকল্প এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষা করা;
- সংশ্লিষ্ট এলাকার টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ।

১.৪। প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম :

ক্রঃ নং	ইকনমিক সাব-কোড অনুযায়ী বিভিন্ন অঙ্গের (Items) বিবরণ	একক	পরিমাণ	ব্যয় (লক্ষ টাকায়)
(ক)	কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন পুরাতন ব্রহ্মপুত্র নদের বাম তীরের ভাঙ্গন হতে সাহেবেরচর গ্রাম ও তদসংলগ্ন এলাকা (কিঃমিঃ ০.০০ হতে কিঃমিঃ ১.৭২০ = ১.৭২০ কিঃমিঃ) সর্বমোট ১.৭২০ কিঃমিঃ দীর্ঘ Bank Revetment কাজ।	কিঃমিঃ	১.৭২০	৪৬৯২.৪৭
(খ)	নদী তীরে আরসিসি ঘাট নির্মাণ।	সংখ্যা	১.০০	১৪.৯৮
(গ)	ভৌত কাজের নির্মাণকালীন মেরামত ও রক্ষনাবেক্ষণ	-	থোক	৫০.০০

১.৫। প্রকল্পের অঙ্গসমূহের ক্রমপুঞ্জিত বাস্তব ও আর্থিক অগ্রগতি (৩০ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত) :

আর্থিক কোড	ডিপিপি অনুযায়ী অঙ্গের বিবরণ	ডিপিপি অনুযায়ী বরাদ্দ		ক্রমপুঞ্জিত অগ্রগতি (সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত)	
		একক	আর্থিক	ভৌত (%)	আর্থিক
(ক) আবর্তক					
৩২৪১১০১	অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয়	থোক	৩.০০	০.০০%	০.০০
৩২৪৩১০২	গ্যাস ও জ্বালানী	থোক	২.০০	০.০০%	০.০০
৩২৪৩১০১	পেট্রোল, ওয়েল ও লুব্রিক্যান্ট	থোক	৩.০০	২৫.০০%	০.৭৫
৩২৫৫১০২	মুদ্রণ ও বাঁধাই	থোক	১.০০	২৫.০০%	০.২৫
৩২৫৫১০৪	স্ট্যাম্প ও সিল	থোক	২.০০	২৫.০০%	০.৫০
৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	থোক	১.০০	২৫.০০%	০.২৫
৩২১১১০৯	শ্রমিক মজুরি (সরকারী কর্মচারী ব্যতীত)	থোক	৫.০০	৫.০০%	০.২৫
৩১১১৩৩২	সম্মানী ভাতা (পিএসসি, পিআইসিসহ বিভিন্ন কমিটির জন্য)	থোক	৫.০০	০.০০%	০.০০
৩১১১৩৩২	সম্মানী ভাতা / ফি / পারিশ্রমিক (মধ্যবর্তী মূল্যায়ন কমিটির সম্মানী ভাতা)	থোক	৭.০০	০.০০%	০.০০
৩২৫৭১০৪	জরিপ (খি-ওয়ার্ক, পোস্ট ওয়ার্ক সার্ভে)	থোক	৫.০০	০.০০%	০.০০
৩২৫৫১০১	কম্পিউটার সামগ্রী	থোক	১.০০	২৫.০০%	০.২৫
৩২৫৮১০১	মোটর যান (বাপাউবো'র বিদ্যমান যানবাহনের মেরামত ও সংরক্ষণ)	থোক	৩.০০	৮.৩৩%	০.২৫
(ক) উপ-মোট আবর্তক :			৩৮.০০	৬.৫৮%	২.৫০
(খ) মূলধন :					
৪১১২১০১	মোটরযান (জীপ/পিকআপ, প্রগতির তৈরী)	সংখ্যা ১টি	৫৬.০০	০.০০%	০.০০
৪১১২১০১	মোটরযান (মোটর সাইকেল, ১২৫ সিসি)	সংখ্যা ২টি	৩.০০	১০০.০০%	৩.০০
৪১১২২০২	কম্পিউটার ও আনুষঙ্গিক (ল্যাপটপ কম্পিউটার, লেজার প্রিন্টারসহ- ০১ সেট)	সেট ১টি	০.৮০	১০০.০০%	০.৮০
৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি (ফটোকপিয়ার)	সংখ্যা ১টি	১.৫০	১০০.০০%	১.৫০
৪১১২৩১৪	আসবাবপত্র	থোক	২.০০	১০০.০০%	২.০০
৪১১৩১০২	বৃক্ষ, শস্য ও উদ্ভিজ্জসম্পদ উৎপাদনকারী আবর্তক পণ্য	থোক	২.০০	০.০০%	০.০০
৪১১১৩	অন্যান্য স্থাপনা				
৪১১১৩২১	কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন ব্রহ্মপুত্র নদের বাম তীরের ভাঙ্গন হতে সাহেবেরচর গ্রাম ও তদসংলগ্ন এলাকা (কিঃমিঃ ০.০০ হতে কিঃমিঃ ১.৭২০ = ১.৭২০ কিঃমিঃ) সর্বমোট ১.৭২০ কিঃমিঃ দীর্ঘ তীর সংরক্ষণ কাজ।	১.৭২০ কিঃমিঃ	৪৬৯২.৪৭	২.৪৫%	১১৫.২০
৪১১১৩২১	নদী তীরে আরসিসি ঘাট নির্মাণ	সংখ্যা ১টি	১৪.৯৮	০.০০%	০.০০
৪১১১৩২১	ভৌত কাজের নির্মাণকালীন মেরামত ও রক্ষনাবেক্ষণ	থোক	৫০.০০	০.০০%	০.০০
(খ) উপ-মোট মূলধন :			৮৮২২.৭৫	২.৫৪%	১২২.৫০
মোট (ক) + (খ) :			৮৮৬০.৭৫		১২৫.০০
(গ) ফিজিক্যাল কন্ট্রিনজেন্সি :		থোক	০.০০		০.০০
(ঘ) প্রাইস কন্ট্রিনজেন্সি :		থোক	০.০০		০.০০
সর্বমোট (ক+খ+গ+ঘ) :			৮৮৬০.৭৫	২.৫৭%	১২৫.০০

১.৬। প্রকল্পের মূল কাজের অগ্রগতির বিবরণ :

উন্মুক্তদরপত্র আহবানের মাধ্যমে নিয়োজিত ০৫ (পাঁচ)টি ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

১.৬.১। জিও-ব্যাগ দ্বারা সতর্কতামূলক প্রতিরক্ষামূলক কাজ :

কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর গ্রাম ও তদসংলগ্ন এলাকা পুরাতন ব্রহ্মপুত্র নদের বাম তীরে কিঃমিঃ ০.০০০ হতে কিঃমিঃ ১.৭২০ পর্যন্ত ০৫(পাঁচ)টি প্যাকেজের সংশ্লিষ্ট ঠিকাদার দ্বারা মূল্যবান ছাপনাসমূহ নদী ভাঙ্গন থেকে রক্ষার জন্য জিও-ব্যাগ দ্বারা নদী তীর সংরক্ষণকল্পে সতর্কতামূলক প্রতিরক্ষা কাজ সমাপ্ত হয়েছে। উক্ত অঙ্গের বাস্তব অগ্রগতি ১০০%। কাজটি ধারাবাহিকভাবে সম্পূর্ণ দৈর্ঘ্যে সমাপ্ত করা হয়েছে।



জিও-ব্যাগ দ্বারা সতর্কতামূলক প্রতিরক্ষামূলক কাজ



জিও-ব্যাগ দ্বারা সতর্কতামূলক প্রতিরক্ষামূলক কাজ

১.৭। অনুমোদিত ডিপিপি অনুসারে বছরভিত্তিক বরাদ্দ ও প্রকৃত ব্যয় (লক্ষ টাকা) :

অর্থ বছর	অনুমোদিতডিপিপি অনুযায়ীবরাদ্দ	আরএডিপি বরাদ্দ	প্রকৃত ব্যয়
২০১৮-১৯	১৪৭৪.৫৫	০.০০	০.০০
২০১৯-২০	২২৫৩.৪৮	১২৫.০০	১২৫.০০
২০২০-২১	১১৩২.৭২	৩০০০.০০	০.০০(সেপ্টেম্বর২০২০)
মোট	৪৮৬০.৭৫	৩১২৫.০০	১২৫.০০

১.৮। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যাদি :

প্রকল্প পরিচালকের নাম	পদবী	সময়কাল
মোঃ শফিকুল ইসলাম	নির্বাহী প্রকৌশলী	প্রকল্পের শুরু হতে ২১-১১-২০১৯ পর্যন্ত
মোহাম্মদ আলী	নির্বাহী প্রকৌশলী	২১-১১-২০১৯ হতে চলমান(সেপ্টেম্বর২০২০)

দ্বিতীয় অধ্যায়

মধ্যবর্তী মূল্যায়ন

২.১। ভূমিকা :

প্রকল্প বাস্তবায়ন কালের মাঝামাঝি সময়ে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জনে অগ্রগতি বিশ্লেষণের মাধ্যমে নির্ধারণ করা এবং প্রকল্পের আউটপুট আরো কার্যকর ভাবে স্থানীয় সুবিধাভোগীদের নিকট পৌঁছাতে কি ধরনের ব্যবস্থা গ্রহণ করা যায়, তার সুপারিশ প্রণয়নের লক্ষ্যে প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে পানি সম্পদ মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, আইএমইডি ও বাপাউবো'র প্রতিনিধিদের সমন্বয়ে মধ্যবর্তী মূল্যায়ন শীর্ষক একটি মূল্যায়ন কমিটি ও কমিটির কার্যপরিধি-অন্তর্ভুক্ত রয়েছে। লকডাউনান্তর অর্থাৎ ৩১ মে ২০২০ খ্রিঃ তারিখ হতে সাধারণ ছুটি বাতিল করা হলে দেখা যায় যে, ইতোমধ্যে পুরাতন ব্রহ্মপুত্র নদের পানি উত্তর উত্তর বৃদ্ধি পেতে থাকে। ফলে প্রকল্প এলাকায় ভাঙ্গন দেখা দেয়। নদের পাড় যাতে দেশকুলের দিকে সড়ে না যায় মাঠ পর্যায়ের বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে অনুমোদিত ডিজাইন মোতাবেক Precautionary work কাজ বাস্তবায়ন করা হয়েছে। মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তব অগ্রগতি পর্যবেক্ষণের নিমিত্ত মূল্যায়ন কমিটির সদস্যগণ কর্তৃক ০৯-১০ অক্টোবর, ২০২০ খ্রিঃ তারিখে সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করবেন মর্মে মতামত ব্যক্তকরেন।

২.২। উদ্দেশ্যঃ

প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়নের মূল উদ্দেশ্য হলো প্রকল্পের অনুমোদিত প্রস্তাবনা অনুযায়ী সকল কাজ সম্পন্ন করা হয়েছে কিনা তা যাচাই করা এবং কাজের প্রয়োজনে সৃষ্ট যেকোন ধরনের পরিবর্তন উপস্থাপন করা। অন্য উদ্দেশ্য গুলো হল প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উপকৃত সুফলভোগীদের সাথে আলোচনা করা এবং মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও তা সমাধানের সুপারিশ করা। অনুমোদিত ডিপিপি অনুযায়ী বাস্তব অগ্রগতি ৪০%-৪৫ % অর্জন করার পর প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হবে। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক প্রকল্পের অগ্রগতি নিশ্চিতকরবেন ও মূল্যায়ন কমিটিকে মূল্যায়ন কার্যক্রম এগিয়ে নিতে সাহায্য করবেন। মধ্যবর্তী মূল্যায়ন কমিটির আন্বায়ক প্রকল্প পরিচালককে মূল্যায়ন কার্যক্রম আরম্ভ করার সময় সম্পর্কে অবহিত করবেন।

২.৩। কমিটি গঠন ও কার্যপরিধি :

প্রকল্পের মধ্যবর্তী মূল্যায়ন কমিটি পরিকল্পনা কমিশন, আইএমইডি, পানি সম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর প্রতিনিধির সমন্বয়ে গঠিত। মধ্যবর্তী মূল্যায়নের লক্ষ্যে অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয়ের পরিকল্পনা-২ শাখার স্মারক নং- ৪২.০০.০০০০.০৪০.০১৪.০১৬.২০২০-২৩১ তারিখ ১৭/০৮/২০২০ খ্রিমোতাবেক নিম্নোক্তভাবে একটি মধ্যবর্তী মূল্যায়ন কমিটি গঠন করা হয়।

ক্রমিক	কমিটির সদস্য/প্রতিনিধি	কমিটিতে অবস্থান
০১.	অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়	উপদেষ্টা
০২.	যুগ্মপ্রধান (সেচ উইং), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন	আহবায়ক
০৩.	যুগ্মপ্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়	সহ-আহবায়ক
০৪.	আইএমইডি'র কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টরের একজন প্রতিনিধি	সদস্য
০৫.	উপ প্রধান-১, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
০৬.	উপপ্রধান (পানি সম্পদ), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
০৭.	উন্নয়ন অনুবিভাগের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন-৩), পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
০৮.	চীফ মনিটরিং দপ্তরের একজন প্রতিনিধি, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	সদস্য
০৯.	প্রকল্প পরিচালক, “কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর গ্রাম ও তদসংলগ্ন এলাকা পুরাতন ব্রহ্মপুত্র নদের বাম তীরের ভাঙ্গন হতে রক্ষা” শীর্ষক প্রকল্প, বাপাউবো, কিশোরগঞ্জ	সদস্য
১০.	সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান (পানি সম্পদ), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন	সদস্য
১১.	সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-২, পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি :

- ১। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;
- ২। কমিটি সময়ে সময়ে প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শনপূর্বক অনুমোদিত ডিপিপি অনুযায়ী কাজের অগ্রগতি ও গুণগতমান যাচাই করবে;
- ৩। কমিটি প্রকল্পের উদ্দেশ্য ও ফলাফল বিষয়ে সুফলভোগীদের সাথে আলোচনা করবে এবং বাস্তবায়ন সমস্যাাদি চিহ্নিতকরণ করবে;
- ৪। কমিটি প্রকল্পের বাস্তবায়নসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সম্পর্কে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে; এবং
- ৫। কমিটি প্রকল্পের কার্যক্রম পর্যবেক্ষণপূর্বক সুপারিশসহ এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নিকট একটি প্রতিবেদন পেশ করবে।

২.৪। মূল্যায়ন পদ্ধতি :

মধ্যবর্তী মূল্যায়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছে :

- মধ্যবর্তী মূল্যায়ন কমিটি কর্তৃক সর্বপ্রথম প্রকল্প দলিল, এডিপি/আরএডিপি এবং প্রকল্পের বিভিন্ন অগ্রগতি প্রতিবেদন নিয়ে আলোচনা ও পর্যালোচনা করা;
- কমিটির সদস্যবৃন্দ কর্তৃক প্রকল্পের কাজের বাস্তব অবস্থা পর্যবেক্ষণের জন্য দৈবচয়নের (at random) ভিত্তিতে প্রকল্প এলাকা পরিদর্শন এবং প্রকল্পের আওতায় ইতিমধ্যে বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন কাজের তথ্য ও উপাত্ত সংগ্রহ করা;
- কমিটির সদস্যবৃন্দ কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শনকালে প্রকল্পের উপকারভোগী, স্থানীয় জনপ্রতিনিধি এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;
- মধ্যবর্তী মূল্যায়ন পরিদর্শন লব্ধ অভিজ্ঞতা, মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যাদি, স্থানীয় জনপ্রতিনিধি, উপকারভোগী, প্রকল্পের সংশ্লিষ্ট ঠিকাদার এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতামত ও সংশ্লিষ্ট বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রকল্প কর্তৃপক্ষের নিকট রক্ষিত তথ্যাদির উপর ভিত্তি করে মধ্যবর্তী মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন।

২.৫। মূল্যায়নের সীমাবদ্ধতা :

কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলার সিদলা ইউনিয়নের সাহেবেরচর সংলগ্ন পুরাতন ব্রহ্মপুত্র নদের বামতীরে প্রকল্পটি অবস্থিত। প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন কালে প্রকল্পের দলিলাদি পর্যালোচনা, প্রকল্প পরিচালকসহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মকর্তা, সীমিত পর্যায়ে স্থানীয় জনগণ ও জন প্রতিনিধিদের সাথে আলোচনা পূর্বক তাদের মতামত নেয়া হয়েছে। কিন্তু সুনির্দিষ্ট প্রশ্নমালা তৈরিপূর্বক মতামত নেয়া হয়নি। এ সকল বিষয় বিবেচনায় নিয়ে মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। তবে কোভিড-১৯ পরিস্থিতির কারণে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে কাজের ক্ষেত্রে কিছুটা সীমাবদ্ধতা অনুভূত হয়েছে।

✓

Handwritten signatures and initials are present here.

তৃতীয় অধ্যায়

প্রকল্প এলাকা পরিদর্শন

৩.১। ভূমিকাঃ

গত ১৯/০৭/২০২০ খ্রিঃ তারিখে মধ্যবর্তী মূল্যায়ন কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জানানো হয় ২০২০ সালের বর্ষায় মাঠ পর্যায়ের বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে অনুমোদিত ডিজাইন মোতাবেক বাস্তবায়িত Precautionary work কাজ সরেজমিনে পরিদর্শন করবেন। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী কমিটির সদস্যগণ গত ০৯/১০/২০২০ এবং ১০/১০/২০২০ খ্রিঃ তারিখ প্রকল্প এলাকা পরিদর্শন করার পাশাপাশি বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের সমস্যাবলী অনুধাবন এবং প্রকল্পের উপকারভোগী, জনপ্রতিনিধি এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে বিস্তারিত আলোচনার বিষয়টি গুরুত্বপূর্ণ মর্মে বিবেচিত।

৩.২। প্রকল্প এলাকা পরিদর্শনের বিবরণঃ

গত ০৯/১০/২০২০ খ্রিঃ তারিখ কমিটির সদস্যবৃন্দ বাপাউবোর কিশোরগঞ্জস্থ রেস্ট হাউসে বাপাউবোর কর্মকর্তাদের সাথে একটি সভায় মিলিত হয়। সভায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও বাস্তবায়ন সমস্যাবলী সম্বলিত একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। উল্লেখ্য, প্রকল্পের কাজ কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলায় সিদলা ইউনিয়নের সাহেবেরচর এলাকায় অবস্থিত। ইঞ্জিল চালিত নৌকার মাধ্যমে কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর এলাকায় পুরাতন ব্রহ্মপুত্রনদের বাম তীরে বাস্তবায়নাধীন জিও ব্যাগ দ্বারা নদী তীর সংরক্ষণ কাজটি পরিদর্শন করা হয়। প্রকল্প এলাকা পরিদর্শনকালে কমিটির সদস্যবৃন্দ প্রকল্পের উপকারভোগী, জনপ্রতিনিধি এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করেন, তাদের মতামত নেন এবং বিভিন্ন তথ্য উপাত্ত সংগ্রহ করেন।

৩.২.১। নদী তীর সংরক্ষণ কাজঃ

কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর এলাকায় পুরাতন ব্রহ্মপুত্র নদের বাম তীরে কিঃমিঃ ০.০০০ হতে কিঃমিঃ ১.৭২০ পর্যন্ত সাহেবেরচর এলাকার ঘরবাড়ি, স্কুল, মাদ্রাসা, মসজিদ, ঈদগাহ মাঠ ও মূল্যবান স্থাপনাসমূহ নদী ভাঙ্গন থেকে রক্ষার জন্য জিও ব্যাগ দ্বারা সতর্কতা মূলক নদী তীর সংরক্ষণ কাজটি সমাপ্ত হয়েছে।



পরিদর্শনকালে Precautionary কাজের ছবি

চতুর্থ অধ্যায়

জনপ্রতিনিধি, সুফলভোগীদের এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মতামত

৪.১। জনপ্রতিনিধির মতামত :

পরিদর্শনকালে স্থানীয় জনসাধারণ এবং জন প্রতিনিধিগণ মধ্যবর্তী মূল্যায়ন কমিটিকে জানান যে, প্রকল্পের কাজ বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকার ভাঙ্গন দৃশ্যত বন্ধ হয়েছে, সাহেবেরচর এলাকার ঘরবাড়ি, স্কুল, মাদ্রাসা, মসজিদ, ঈদগাহ মাঠ ও মূল্যবান স্থাপনা ভাঙ্গন হতে রক্ষা করার উপক্রম হয়েছে।

৪.২। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতামত :

মধ্যমেয়াদী মূল্যায়ন কমিটি কর্তৃক পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ পওর সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ ও প্রকল্প পরিচালক, কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর গ্রাম ও তৎসংলগ্ন এলাকা পুরাতন ব্রহ্মপুত্র নদের বাম তীরের ভাঙ্গন হতে রক্ষা প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ সহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। তাদের সাথে আলোচনা করে জানা যায় যে, প্রকল্পটি বাস্তবায়নের ফলে পুরাতন ব্রহ্মপুত্র নদের ভাঙ্গন হতে সাহেবেরচর এলাকার প্রায় ২৫০ হেক্টর জমি, প্রাইমারী স্কুল, পাঁকা ও কাঁচা ঘর-বাড়ি, মসজিদ, ঈদগাহ মাঠসহ এলাকার মূল্যবান স্থাপনা নদী ভাঙ্গনের কবল হতে রক্ষা পাবে; প্রকল্প এলাকার নদী তীর অদ্যাবধি স্থিতিশীল রয়েছে। এছাড়াও নদী ভাঙ্গন রোধ হওয়ায় পরিবেশের বিরূপ প্রভাব হতে প্রকল্প এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষা পাবে বলেও আশা করা যায়।


৪.৩। সুফলভোগীদের মতামত :

প্রকল্পের প্রধান stakeholder হলো প্রকল্প এলাকায় বসবাসরত গ্রামবাসী। এ বিষয়ে গ্রামবাসীর সাথে আলোচনা হয়। আলোচনায় ও প্রকল্পের সুফলভোগীদের মতামত অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়িত হওয়ার প্রেক্ষিতে সাহেবেরচর এলাকার ভাঙ্গন রোধ হয়েছে। ফলে,








- (১) পুরাতন ব্রহ্মপুত্র নদের ভাঙ্গন হতে সাহেবেরচর এলাকার প্রায় ২৫০ হেক্টর জমি, প্রাইমারী স্কুল, পাঁকা ও কাঁচা ঘর-বাড়ি, মসজিদ, ঈদগাহ মাঠসহ এলাকার মূল্যবান স্থাপনা নদী ভাঙ্গনের কবল হতে রক্ষা পেয়েছে।
- (২) নদীর গতি পথ পরিবর্তন প্রতিরোধ করা অনেকাংশে সম্ভব হয়েছে। ফলশ্রুতিতে প্রকল্প এলাকার নদীর তীর অদ্যাবধি স্থিতিশীল অবস্থায় রয়েছে;
- (৩) নদী ভাঙ্গন রোধ হওয়ায় পরিবেশের বিরূপ প্রভাব হতে প্রকল্প এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষা হচ্ছে।



প্রকল্প কাজ বাস্তবায়নের পূর্ব দৃশ্য



প্রকল্প কাজ বাস্তবায়নকালীনসময়ের দৃশ্য

পঞ্চম অধ্যায়
কমিটির পর্যবেক্ষণ ও সুপারিশ

৫.১। কমিটির পর্যবেক্ষণ :

প্রকল্প দলিলাদি পর্যবেক্ষণ, প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতামত, জনপ্রতিনিধিদের মতামত এবং উপকারভোগীদের মতামতের ভিত্তিতে মধ্যবর্তী মূল্যায়ন কমিটির পর্যবেক্ষণ সমূহ নিম্নরূপঃ

৫.১.১। প্রকল্পটি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০৯/০৪/২০১৯ খ্রিঃ তারিখে অনুমোদিত হয় এবং ২৩/০৪/২০১৯ খ্রিঃ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক উক্ত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন জারী করা হয়। প্রকল্পটি অনুমোদনের পর কাজ বাস্তবায়নের লক্ষ্যে ১৩/০৫/২০১৯ খ্রিঃ তারিখে Working design প্রণয়ন করা হয়। Working design অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করত দরপত্র আহবান করা হয়। দরপত্র মূল্যায়ন শেষে গত ২১/১১/২০১৯ খ্রিঃ তারিখে নদীর তীর প্রতিরক্ষা কাজের ০৫(পাঁচ)টি প্যাকেজের কার্যাদেশ দেওয়া হয়। কার্যাদেশ প্রাপ্তির পর ঠিকাদার কর্তৃক সাইট বুঝে নেওয়া, সাইট প্রস্তুতিসহ মালমাল নেওয়ার রাস্তা মেরামতের বিলম্বের কারণে প্যাকেজ সমূহের কাজ বিলম্বে শুরু হয়। অর্থাৎ ২০/০২/২০২০ খ্রিঃ তারিখে কাজ বাস্তবায়ন শুরু হয়। পরবর্তীতে বিশ্বব্যাপি কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে ২৬/০৩/২০২০ খ্রিঃ তারিখের পর হোসেনপুর উপজেলার বিভিন্ন এলাকা লকডাউন হয়ে যাওয়ায় কাজ বাস্তবায়নের নির্মিতে শ্রমিক ও ম্যাটেরিয়াল সংকট দেখা দিলে সাইট পুরোপুরি বন্ধ হয়ে যায়। গত ৩১/০৫/২০২০ খ্রিঃ তারিখে পুনরায় অফিসের স্বাভাবিক কার্যক্রম শুরু হলে ঠিকাদারগণকে কাজ সমাপ্তির তাগিদ প্রদান করা হয়। কিন্তু জুন ও বর্ষা আসন্ন বিবেচনায় শুধু Casting block, stack দিতে সমর্থ হয়। এদিকে পুরাতন ব্রহ্মপুত্র নদের পানি উত্তর উত্তর বৃদ্ধি পাওয়ায় ঠিকাদারের কাজ চালিয়ে নিয়ে যাওয়ার সদিচ্ছা থাকলেও কাজ সম্পন্ন করা যায়নি এবং ডেউয়ের প্রবল আঘাতে ও নদীর সর্পিলাকার গতিপথের দরুন বেশ কিছু স্থানে ভাঙ্গন পরিলক্ষিত হয়। উক্ত ভাঙ্গন প্রতিরোধকল্পে অর্থাৎ নদীর পাড় যাতে শিফট হয়ে না যায় সে লক্ষ্যে বাপাউবোর নকশা সার্কেল-১ হতে প্রাপ্ত অনুমোদিত ডিজাইন (DWG NO: TPW/Left Bank/ Old Brahmaputra R/2376) অনুযায়ী Precautionary কাজ বাস্তবায়ন করা হয়। প্রকল্পের সার্বিক অগ্রগতি ৫%।

৫.১.২। প্রকল্পের আওতায় কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন সাহেবেরচর এলাকায় পুরাতন ব্রহ্মপুত্র নদের বাম তীরে কিঃমিঃ ০.০০০ হতে কিঃমিঃ ১.৭২০ পর্যন্ত নদী তীর সংরক্ষণ কাজ চলমান রয়েছে। প্রকল্পের আওতায় ১৭৫ কেজি ওজনের ১,০৩,৪৩৬টি জিও ব্যাগ ডাম্পিং এবং ৪০সেঃমিঃ X ৪০সেঃমিঃ X ২০সেঃমিঃ = ১,৭০,৬৬৯টি, ৪০ সেঃমিঃ X ৪০ সেঃমিঃ X ৪০ সেঃমিঃ = ১,৭৭,৩৭৬টি এবং ৩০ সেঃমিঃ X ৩০ সেঃমিঃ X ৩০ সেঃমিঃ = ২,৮০,২৯৬টি, মোট = ৬,২৮,৩৪১টি ব্লকের সংস্থান রয়েছে।

৫.১.৩। প্রকল্পের কাজ বাস্তবায়নের ফলে প্রকল্প এলাকায় ভাঙ্গণের কবল হতে রক্ষা পাবে।

৫.১.৪। প্রকল্পের মাধ্যমে প্রাপ্ত উপকারিতাঃ

(ক) আর্থসামাজিক প্রভাবঃ


প্রকল্পটি বাস্তবায়নের ফলে নদী ভাঙ্গণ বন্ধ হবে এবং শস্য/সম্পদ হানি হ্রাস পাবে। পানি সম্পদ ব্যবস্থাপনার উন্নয়নের দ্বারা খামার/ভূমির উন্নয়ন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে প্রকল্প এলাকার ফসল উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দারিদ্রতা হ্রাস পেয়ে আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে।

(খ) পরিবেশগত প্রভাবঃ


পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব নাই। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে মৎস্য চলাচল ও নৌ-চলাচল কোন বিরূপ প্রভাব পরিলক্ষিত হয়নি। বরং নদী ভাঙ্গন বন্ধ হওয়ায় ফলে মৎস্যের অবাধ এবং নিরাপদ বিচরণের ক্ষেত্র সৃষ্টি হবে ফলে মৎস্য উৎপাদন বাড়াবার সম্ভাবনা প্রসারিত হবে। একইসাথে নদীপথে নৌ চলাচলের পথ সুগম হবে।

৫.২। কমিটির সুপারিশঃ


- ৫.২.১ অনুমোদিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে হবে;
- ৫.২.২ যথাযথ Specification এবং Design অনুযায়ী সঠিকভাবে কাজ বাস্তবায়নের বিষয়টি প্রকল্প কর্তৃপক্ষ নিশ্চিত করবে;
- ৫.২.৩ প্রকল্প কাজ বাস্তবায়নের কাজ পূর্ব এবং কাজ পরবর্তী ছবি সংরক্ষণ করা প্রয়োজন যাতে বাস্তবায়িত কাজের ফলাফল ভালভাবে পর্যবেক্ষণ করা যায়। পাশাপাশি আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রকল্পের কাজ পরিবীক্ষণের ব্যবস্থা রাখা যেতে পারে;
- ৫.২.৪. প্রকল্প সাইটে বাপাউবো'র প্রতিনিধির সার্বক্ষণিক অবস্থান নিশ্চিত করতে হবে। প্রকল্প পরিচালকসহ সংস্থার উচ্চ পদস্থ কর্মকর্তাগণ, কর্তৃক প্রকল্পের কাজ নিয়মিত সরেজমিনে পরিদর্শন করতে হবে;
- ৫.২.৫. Precautionary কাজে ব্যবহৃত জিও-ব্যাগসমূহ মূল কাজ বাস্তবায়নের পূর্বে ডাম্পিং জোনে ডাম্পিং নিশ্চিত করতে হবে;
- ৫.২.৬. অতি দ্রুত নির্মাণ সামগ্রী সাইটে মজুদ নিশ্চিত করবে এবং অবশিষ্ট কাজ শুরু করবে;
- ৫.২.৭. প্রকল্পের ভৌগলিক অবস্থান, নদী ও চরের গতিপ্রকৃতি বিবেচনা রেখে প্রকল্প সমাপ্তির পর একটি পূর্ণ সমীক্ষা পরিচালনা করে প্রকল্পের সফলতা ও স্থায়ীত্ব যাচাইকরা সমীচীন হবে।



মোহাম্মদ আলী
নির্বাহী প্রকৌশলী
কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ ও
প্রকল্প পরিচালক
ও
সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি



নির্বাহী প্রকৌশলী,
চীফ মনিটরিং এর দপ্তর
বাপাউবো, ঢাকা
ও
সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি




মো: সাইফুর রহমান
সিনিয়র সহকারী প্রধান
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন
ও সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি



মো: নাজমুল ইসলাম ভূঁইয়া
সিনিয়র সহকারী সচিব,
উন্নয়ন শাখা-৩
পানি সম্পদ মন্ত্রণালয়
ও সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি




খায়রুন নাহার
সিনিয়র সহকারী প্রধান,
পরিকল্পনা শাখা-২
পানি সম্পদ মন্ত্রণালয়
ও সদস্য সচিব, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি




এ কে এম আবুল কালাম আজাদ
উপ প্রধান (সেচ উইং)
কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ
পরিকল্পনা কমিশন
ও সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি




দীপাঙ্খিতা সাহা
উপ প্রধান-১
পানি সম্পদ মন্ত্রণালয়
ও সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি



মো: আফজল হোসেন
মহাপরিচালক
আইএমইডি
ও সদস্য, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি



মন্টু কুমার বিশ্বাস
যুগ্ম প্রধান
পানি সম্পদ মন্ত্রণালয় ও
আহ্বায়ক, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি



মাহমুদুল ইসলাম
অতিরিক্ত সচিব (উন্নয়ন)
পানি সম্পদ মন্ত্রণালয় ও
উপদেষ্টা, মধ্যবর্তী মূল্যায়ন কমিটি

